

ট্রেজারারের সাথে ফিন্যান্স বিভাগের ইপিআর টিমের সাক্ষাৎ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া-এর সাথে ২৪ মে-২০১৮, বৃহস্পতিবার ফিন্যান্স বিভাগের ইপিআর (External Peer Review-ERP) টিমের সদস্যবৃন্দ তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

এসময় এপিআর টিমের বিদেশী কিউএ বিশেষজ্ঞ (Foreign QA Expert) ও রয়েল ইউনিভার্সিটি অব ভুটানের শিক্ষা বিভাগের Prof. Dr. Singye Namgyel, ইপিএর টিমের বিষয় বিশেষজ্ঞ অধ্যাপক ড. এইচ. এম. মোশারফ হোসেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের IQAC-এর পরিচালক অধ্যাপক ড. মোঃ কামরুল আলম খান, অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদা, ফিন্যান্স বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট (SA) কমিটির প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ ছগীর হোসেন খন্দকার, SA-এর সদস্য ও ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আবু মিছির, বিভাগীয় এস.এ কমিটির সদস্য ড. মোহাম্মদ বায়েজিদ আলী উপস্থিত ছিলেন।

এসময় কমিটির সদস্যবৃন্দ ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া-এর উপস্থিতিতে IQAC-এর পরিচালক অধ্যাপক ড. মোঃ কামরুল আলম খান-এর নিকট Exit Report হস্তান্তর করা হয়। এছাড়াও EPR টিমের সদস্যবৃন্দ ফিন্যান্স বিভাগের গত তিনদিন যাবৎ EPR কার্যক্রমের বিভিন্ন বিষয় তুলে ধরেন।